ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩০২

আগরতলা,২৬ ডিসেম্বর,২০২৪

**মরিয়মনগর ক্যাথলিক চার্চ প্রাঙ্গণে খ্রিস্টমাস মেলা ২০২৪**

২৫ ডিসেম্বর বড়দিন উপলক্ষে গতকাল প্রতি বছরের ন্যায় মরিয়মনগর ক্যাথলিক চার্চ প্রাঙ্গণে খ্রিস্টমাস মেলা ২০২৪ অনুষ্ঠিত হয়। দু'দিনব্যাপী এই মেলা উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মেলা কমিটির উদ্যোগে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিধায়ক রতন চক্রবর্তী এই সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র বিধায়ক দীপক মজুমদার। মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে গতকাল মরিয়মনগরের ক্যাথলিক চার্চ প্রাঙ্গণ ছিল উৎসবমুখর। মেলা উপলক্ষে অনেক রাত পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক রতন চক্রবর্তী বড়দিনের প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে বলেন, যিশু খ্রিস্ট শান্তি, প্রেম, প্রীতি, ভালোবাসা ও ক্ষমাশীলতার এক মূর্ত প্রতীক। সমাজে আমরা সকলে শান্তিপূর্ণভাবে সহাবস্থান করতে পারলেই যিশুর জন্মদিন উদযাপন স্বার্থকতা পাবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা রাণী দাস, আগরতলা পুরনিগমের কর্পোরেটর উত্তম ঘোষ, খ্রিস্টমাস মেলা কমিটির সচিব বিমল মার্চার প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মেলা কমিটির চেয়ারম্যান বিপ্লব লাগার্ডু। অনুষ্ঠানে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়।

*****